# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 24-03-2026** **Time: 7.35 AM**

---

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যে এসআইআর-এ বিবেচনাধীন থেকে নিষ্পত্তি হওয়া ভোটারদের প্রথম সাপ্লিমেন্টারি তালিকা প্রকাশিত হয়েছে।

২) আসন্ন বিধানসভা নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ করতে ধাপে ধাপে আরও প্রায় ১ হাজার ৯২০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী বাংলায় আসবে।

ভোট ভয়মুক্ত করতে একগুচ্ছ নির্দেশ দিয়েছেন মুখ্য সচিব দুষ্যন্ত নারিয়ালা।

৩) প্রবীণ কংগ্রেস নেতা সন্তোষ পাঠক বিজেপিতে যোগ দিয়েছেন।

৪) রাজ্যপাল তথা কলকাতা বিশ্ববিদ্যালয়ের আচার্য আর এন রবি কৃত্রিম বুদ্ধিমত্তার সঠিক প্রয়োগের ওপর জোর দিয়েছেন।

৫) আজ বিশ্ব যক্ষ্মা প্রতিরোধ দিবস। রোগ সম্পর্কে সচেতনতা বাড়াতে বর্ষব্যাপী নানা কর্মসূচী নেওয়া হয়েছে।

৬) আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল ৭-০ গোলে মহামেডান স্পোর্টিংকে পরাজিত করেছে।

---

রাজ্যে এসআইআর-এ বিবেচনাধীন বা অ্যাজুডিকেশন থেকে নিষ্পত্তি হওয়া ভোটারদের প্রথম সাপ্লিমেন্টারি তালিকা প্রকাশিত হয়েছে। গতসন্ধ্যা থেকে বেশ কিছুক্ষণ অপেক্ষার পর রাত ১২ টার মিনিট কয়েক আগে এই তালিকা নিজেদের ওয়েবসাইটে বের করে নির্বাচন কমিশন। যাদের নাম ভোটারতালিকায় অন্তর্ভুক্ত রয়েছে এবং যাদের নাম বাদ পড়েছে, তাদের আলাদা তালিকা প্রকাশ করা হয়েছে। বিধানসভা ভিত্তিক বুথ অনুযায়ী দুটি ভাগে এই তালিকা প্রস্তুত করা হয়েছে। সব মিলিয়ে এখনও পর্যন্ত প্রায় ২৯ লক্ষ ভোটারের নিষ্পত্তি হয়েছে বলে জানা গেছে। তবে কত নামের নিষ্পত্তির তালিকা বের হয়েছে, সেই সংখ্যা উল্লেখ করা হয়নি। জানা যায়নি কত নাম বাদ পড়েছে, তারও বিস্তারিত তথ্য। বুথ মাফিক অতিরিক্ত ভোটার তালিকা ডাউনলোড করে ভোটার তাদের তথ্য জানতে পারবেন।

এদিকে, গতসন্ধ্যাতেই এক সাংবাদিক বৈঠকে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগারওয়াল জানিয়েছিলেন, বাদ পড়া ভোটাররা সদ্য গঠিত অ্যাপিলের ট্রাইব্যুনালে তাদের বক্তব্য জানাতে পারবেন। এই ট্রাইব্যুনালের কাজ করার জন্য রাজ্য সরকারের কাছে জায়গা চাওয়া হয়েছে বলেও তিনি জানান।

বাইট

উল্লেখ্য গত ২৮ শে ফেব্রুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করেছিল নির্বাচন কমিশন। বিবেচনাধীন ছিলেন ৬০ লক্ষের বেশি ভোটার। সুপ্রিম কোর্টের নির্দেশে ৭০৫ জন জুডিশিয়াল আধিকারিক ঝাড়াইবাছাইয়ের পর ধাপে ধাপে এই অতিরিক্ত তালিকা প্রকাশ করবে নির্বাচন কমিশন।

অনলাইন বা অফলাইন দুভাবেই তালিকা দেখা যাবে।

------------------

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ করতে ধাপে ধাপে আরও প্রায় ১ হাজার ৯২০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী বাংলায় আসবে। এর মধ্যে ৩০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী আগামী ৩১ মার্চের মধ্যেই এসে পৌঁছাবে। ভোটারদের মনোবল বাড়াতে ও আইন শৃংখলা জনিত অন্যান্য কাজের জন্য ইতিমধ্যে চারশো ৮০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী রাজ্যে মোতায়েন করা হয়েছে। আরো ৩০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী এলে বিভিন্ন জেলা ও পুলিশ কমিশনারেট কি ভাবে তাদের মোতায়েন করবে তার চূড়ান্ত রূপরেখা তৈরি করতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল এর পৌরহিত্যে বিশেষ পুলিশ পর্যবেক্ষক N K Mishra এবং রাজ্য পুলিশের নোডাল অফিসার ADG (লিগাল) Anand Kumar এর উপস্থিতিতে জয়েন্ট ফোর্স ডিপ্লয়মেন্ট কমিটির বৈঠক হয়। সেখানে গৃহীত সিদ্ধান্ত অনুসারে কলকাতায় সর্বাধিক ৬০ কোম্পানি বাহিনী মোতায়েন করা হবে। এরপরই পূর্ব মেদিনীপুরে ৪৮ কোম্পানি এবং সবচেয়ে কম বিধাননগর পুলিশ কমিশনারেট এলাকায় ১১কোম্পানি কেন্দ্রীয় বাহিনী পাঠানো হবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর থেকে জানান হয়েছে।

উল্লেখ্য, এই ৩০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী এরাজ্যে এলে রাজ্যে মোট কেন্দ্রীয় বাহিনী সংখ্যা হবে ৭৮০ কোম্পানি।

এদিকে, অত্যাবশকীয় পরিষেবায় যুক্ত অনুপস্থিত ভোটারদের সংশ্লিষ্ট ফর্ম বিলির বিষয় নিয়ে বিভিন্ন বিভাগে রাজ্যের নোডাল অফিসারদের সঙ্গে সমন্বয় সাধনের জন্য ইতিমধ্যে একটি মিটিং অনুষ্ঠিত হয়েছে। কোন কোন পরিষেবাকে অত্যাবশ্যকীয় হিসাবে ধরা হচ্ছে তার বিস্তারিত বিবরণও উল্লেখ করা হয়েছে।

------------------

আসন্ন বিধানসভা ভোটের প্রেক্ষিতে নির্বাচন কমিশন রাজ্যের সব জেলাশাসক, জেলা পুলিশ সুপার এবং পুলিশ কমিশনারদের নিয়ে গতকাল অনলাইন পর্যালোচনা ও প্রশিক্ষণ বৈঠক করে। এতে জেলার প্রশাসনিক প্রস্তুতি এবং আইনশৃঙ্খলা পরিস্থিতি খতিয়ে দেখা হয়। বিশেষ করে অবাধ, শঙ্কা ও প্রলোভনমুক্ত নির্বাচন নিশ্চিত করার উপর জোর দেওয়া হয়েছে।

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের সাম্প্রতিক রাজ্য সফরের উল্লেখ করে জানানো হয়েছে, প্রত্যেক ভোটার যাতে কোনরকম ভয় বা চাপ ছাড়াই নিজেদের পছন্দের প্রার্থীকে ভোট দিতে পারেন, তা নিশ্চিত করাই কমিশনের প্রধান লক্ষ্য।

বৈঠকে ভোটকেন্দ্রে ন্যূনতম পরিষেবা, ইভিএম ব্যবস্থাপনা, কর্মীদের প্রশিক্ষণ, আইনশৃঙ্খলা এবং ভোটার সচেতনতা সহ ভোট পরিচালনার বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে।

একই সঙ্গে জাতীয় স্তরের প্রশিক্ষকদের মাধ্যমে আধিকারিকদের আইনশৃঙ্খলা রক্ষা, অশান্তিপ্রবণ এলাকা চিহ্নিতকরণ এবং নির্বাচনী ব্যয়ের নজরদারি সংক্রান্ত প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

কমিশন জানিয়েছে, আগামী ২৫ মার্চ থেকে রাজ্যের রিটার্নিং অফিসারদের জন্য পৃথক প্রশিক্ষণ কর্মসূচিও শুরু হবে।

------------------

আসন্ন বিধানসভা নির্বাচন শান্তিপূর্ণ করতে কড়া বার্তা দিয়েছেন মুখ্য সচিব দুষ্মন্ত নারিয়ালা। অবাধ,শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে নির্বাচন নিশ্চিত করতে আধিকারিকদের সকলকে নির্বাচন কমিশনের রূপরেখা মেনে চলার নির্দেশ দিয়েছেন

তিনি। মুখ্য সচিবের নির্দেশ অনুযায়ী, সম্পূর্ণ হিংসা মুক্ত ভোট, ভোটারদের ভয় দেখানো , প্রলোভন দেখিয়ে ভোট প্রভাবিত করা, ছাপ্পা ভোট, বুথ জ্যামিং এবং ভোটারদের বুথে যেতে বাধা দেওয়া আটকানোর বিষয়টি ভোট কর্মীদের নিশ্চিত করতে হবে। সব দপ্তরের প্রধান ও জেলা শাসক কে এই নির্দেশিকা পাঠিয়ে দেওয়া হয়েছে। এ ব্যাপারে মুখ্যসচিবের নির্দেশিকা সকলে পেয়েছেন কিনা এবং সে বিষয়ে তিনি সচেতন কিনা তা দুদিনের মধ্যে নির্দিষ্ট ইমেলে মারফত জানাতে হবে। আগামীকাল বিকেল সাড়ে ৫ টার ভেতর গোটা প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। পাশাপাশি কোনও আধিকারিক বা কর্মীদের বিরুদ্ধে নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ যাতে না আসে তাও নিশ্চিত করতে হবে বলে মুখ্যসচিন জানিয়েছেন।

------------------

প্রবীণ কংগ্রেস নেতা সন্তোষ পাঠক বিজেপিতে যোগদান করেছেন। গতসন্ধ্যায় কলকাতার সল্টলেকে বিজেপির কার্যালয়ে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, শ্রী পাঠকের হাতে দলীয় পতাকা তুলে দিয়ে তাকে স্বাগত জানান। শমিক বাবু বলেন, সন্তোষ পাঠক চার দশক ধরে নীতি ও আদর্শের রাজনীতি করেছেন। রাজ্যে চরম অরাজকতার সময়ে তিনি পরিবর্তনের স্বার্থে বিজেপির সঙ্গে যুক্ত হয়েছেন। বিজেপিই বাংলার একমাত্র বিকল্প বলে মত প্রকাশ করেন তিনি।

উল্লেখ্য, দলের এরাজ্যের পর্যবেক্ষক ও ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব দেব, রাজ্য সাধারণ সম্পাদক লকেট চট্টোপাধ্যায় প্রমূখ এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

------------------

বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন দলীয় কর্মসূচিতে যোগ দিতে আজ কলকাতায় আসছেন। দলীয় সূত্রে জানা গেছে, সকাল পৌনে ১০ টা নাগাদ তিনি

কলকাতা বিমানবন্দরে এসে পৌঁছাবেন। এরপর নিউটাউনে একটি বেসরকারি হোটেলে দলের বেশ কয়েকটি সাংগঠনিক বৈঠকে যোগ দেবেন শ্রী নবীন।

------------------

ঐতিহাসিক, সাংস্কৃতিক ও আধ্যাত্মিক ঐতিহ্যে সমৃদ্ধ এক অনন্য জেলা নদিয়া। আসন্ন বিধানসভা নির্বাচনকে ঘিরে জেলাজুড়ে রাজনৈতিক উত্তাপ বেড়েছে যা নতুন মাত্রা পেয়েছে এস আই আর এর আবহে। রাজ্যে অষ্টাদশ বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফায় নদীয়ায় ভোট হবে আগামী ২৯শে এপ্রিল|

এক নজরে দেখে নেওয়া যাক জেলার ভোট চিত্র-

(ভিসি- অনুপম)

------------------

ভারত উন্নততর রাষ্ট্র হওয়ার দিকে এগিয়ে চলেছে বলে রাজ্যপাল তথা কলকাতা বিশ্ববিদ্যালয়ের আচার্য আর এন রবি জানিয়েছেন। গতকাল বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সমাবর্তন অনুষ্ঠানের সূচনা করে রাজ্যপাল বলেন, বিজ্ঞানী গবেষণা সহ সার্বিক উন্নয়নের ক্ষেত্রে গোটা বিশ্বকে নেতৃত্ব দেবে দেশ। পড়ুয়া ও যুব সমাজকে এই উন্নয়নের শরিক হওয়ার আহ্বান জানান তিনি। একইসঙ্গে কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার প্রসঙ্গে সচেতন থাকারও পরামর্শ দিয়েছেন রাজ্যপাল। এআই ন্যানো টেকনোলজি, অ্যাডভান্সড রোবোটিক্সের মতো বিষয়গুলিতে আমূল বদল আনতে চলেছে বলে তিনি জানিয়েছেন।

বাইট – রাজ্যপাল

------------------

আজ বিশ্ব যক্ষা প্রতিরোধ দিবস। মাইকোব্যাকটেরিয়াম টিউবারকিউলোসিস নামক জীবাণু সংক্রমিত এই রোগ সম্পর্কে সচেতনতা বাড়াতে ২৪ শে মার্চ দিনটি উদযাপন করা হয়। সারা পৃথিবীতেই এই রোগ একসময় মহামারির আকার ধারণ করেছিল। বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং কেন্দ্র ও রাজ্য সরকার  যক্ষা মুক্ত ভারত গড়তে বর্ষব্যাপী নানা কর্মসূচি হাতে নিয়েছে। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

-----------------

যুব ভারতী ক্রীড়াঙ্গনে গতকাল আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল ৭-০ গোলে মহামেডান স্পোর্টিং কে পরাজিত করেছে। ইস্টবেঙ্গলের পক্ষে আনোয়ার আলি ও ইউসেফ এজেজারি দুটি করে গোল করেছেন। এ ছাড়া পিভি বিষ্ণু, নন্দকুমার, সাউল ক্রেসপো একটি করে গোল করেন। খেলার ৩৪ মিনিটে জোসেফ আদজেই লাল কার্ড দেখায় বাকি সময়ে মহামেডান স্পোর্টিং কে ১০ জনে খেলতে হয়।

আইএসএলে এটাই ইস্টবেঙ্গলের সবচেয়ে বড় ব্যবধানে জয়। ছয় ম্যাচে ১১ পয়েন্ট নিয়ে ইস্টবেঙ্গল লীগ তালিকার চতুর্থ স্থানে উঠে এসেছে। মহামেডান স্পোর্টিং টানা পাঁচ ম্যাচে পরাজিত হলো।

-----------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় “গ্রামীণ অর্থনীতিতে পাট চাষ ও পাট শিল্প"। এই নিয়ে জুট কর্পোরেশন অফ ইন্ডিয়ার জেনারেল ম্যানেজার কল্যান কুমার মজুমদারের সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্তী। আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ(২৪/০৩/২৬) রাত আটটায় গীতাঞ্জলি, ডিটিএইচ বাংলা এবং আকাশবাণী

সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে। অনুষ্ঠানটির দ্বিতীয় পর্ব শোনা যাবে আগামীকাল রাত সাড়ে নটায়।

----------------- -----------------